

৫৫

### কৃষি বিশ্ববিদ্যালয়ে বিদেশী ছাত্র-ছাত্রী প্রায় শূন্যের কোঠায়

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ৥ বাংলাদেশ কৃষি বিশ্ব-  
বিদ্যালয়ে বিদেশী ছাত্র-ছাত্রীদের  
সংখ্যা দ্রুত হ্রাস পাইতেছে।  
প্রতিষ্ঠানগে এখানে ৭৮ জন  
বিদেশী ছাত্র-ছাত্রী লেখাপড়া  
করিত। বর্তমানে (১৯৯৫) এই  
সংখ্যা হ্রাস পাইয়া ২৮-এ দাঁড়াই-  
য়াছে। ১৯৯৩ সনেও ৩৯ জন  
ছিল। চলতি সেশনে (১৯৯৪-৯৫)  
শুধুমাত্র ৩ জন নেপালী ভর্তি  
হইয়াছে। এশিয়া মহাদেশের  
উচ্চতর কৃষি শিক্ষার অন্যতম  
এই বিশ্ববিদ্যালয়ে বিদেশী ছাত্র-  
(৭ম পৃঃ দ্রঃ)

### কৃষি বিশ্ববিদ্যালয় (৩য় পৃঃ পর)

ছাত্রী ভর্তি হওয়ার ১/২ বছর  
পরে অধিকাংশই চলিয়া যায়।  
বর্তমানে সোমালিয়ার ৪,  
ভারত ১, ইরান ৭ এবং নেপালের  
১৬ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করি-  
তেছে। কয়েকজন সোমালিয়ী এবং  
নেপালী ছাত্র কোর্স শেষ হওয়ার  
আগেই সেদিন চলিয়া গিয়াছে।  
বিদেশীদের ভর্তির জন্য কোন  
ভর্তি পরীক্ষা দিতে হয় না।  
সোমালিয়ার আবদি করিম ব্যতীত  
সকলেই নিজ খরচে পড়িতেছে।  
২ জন পি-এইচ ডি ছাত্র আছে।  
ছাত্রী আছে মাত্র ১ জন।

ছাত্রী ব্যতীত সকলেই শাহ-  
জানাল হলের আবাসিক ছাত্র।  
১ জন ছাত্রী সুলতানা রাজিয়া  
হলের আবাসিক। তাহাদের জন্য  
অতিরিক্ত কোন সুযোগ-সুবিধা  
নাই। খাওয়া-দাওয়া নিজ নিজ  
দায়িত্বে করিতে হয়। শিক্ষা কার্য-  
ক্রম-এর সর্বত্র বাংলা ভাষা হওয়ার  
তাহাদের জন্যে খুব অসুবিধা  
হইয়াছে। সেশন জট, সংঘর্ষ,  
অনিদিকালের বন্ধ, অনিয়ম  
ইত্যাদি কারণে বিদেশীরা এখানে  
পড়িতে অনীহা প্রকাশ করে  
বলিয়া তাহারা জানান।